



মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।

মধ্যপাড়া খনির উৎপাদিত Boulder, Crushed Stone aggregates BUET কর্তৃক পরীক্ষিত। Compressive Strength= 4690 PSI, Loose density= 1360 kg/m³, Compact density= 1500 kg/m³, water absorption=0.12%.

সিএন্ডএফ এজেন্ট এবং পরিবহন ঠিকাদার নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তি

১।	মন্ত্রণালয়/বিভাগ	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
২।	সংস্থা	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩।	প্রকিউরিং এনটিটি	মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)।
৪।	দরপত্রের উদ্দেশ্য (ক) (সিএন্ডএফ এজেন্ট) (খ) (পরিবহন ঠিকাদার)	(ক) আন্তর্জাতিক বিমানবন্দর, বেনাপোল স্থলবন্দর এবং চট্টগ্রাম সংলগ্ন সমুদ্রবন্দর হইতে আমদানীকৃত মালামাল খালাসের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগ। (খ) চট্টগ্রাম সমুদ্র বন্দর, ঢাকা ও চট্টগ্রামসহ অন্যান্য আন্তর্জাতিক বিমানবন্দর এবং বেনাপোলসহ অন্যান্য স্থল বন্দর হতে কোম্পানীর মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড ও বাংলাদেশের যে কোন স্থানে অবস্থিত কোম্পানীর ভান্ডার/ওপেন ইয়ার্ড/কোম্পানীর অধীনস্থ প্রকল্প সাইট, কোম্পানী অথবা কোম্পানীর এক কার্যালয় হতে অন্য কার্যালয়ে সূষ্ঠু ও অক্ষত অবস্থায় শিলা উৎপাদনে ব্যবহৃত বিস্ফোরক দ্রব্য, অ্যামোনিয়াম নাইট্রেট ও যন্ত্রপাতি স্প্যার পার্টস ইত্যাদি সামগ্রী ও অন্যান্য মালামাল পরিবহন এবং লোডিং/আনলোডিং ইত্যাদি কাজের জন্য পরিবহন ঠিকাদার নিয়োগ।
৫।	ফান্ডের উৎস	কোম্পানীর নিজস্ব ফান্ড।
৬।	দরপত্রের নম্বর ও তারিখ	(ক) শিলা/ক্রয়/১০০.১৩/২০১৫/৫৭ : তারিখঃ ১৬-০৩-২০১৫ (খ) শিলা/ক্রয়/১০০.১২/২০১৫/৫৮ : তারিখঃ ১৬-০৩-২০১৫
৭।	সিএন্ডএফ এজেন্ট এবং পরিবহন ঠিকাদার নিয়োগের মেয়াদ	সফলকাম দরপত্রদাতার সাথে প্রথমে ০১ (এক) বৎসরের জন্য চুক্তি হবে। সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য নিয়োগ প্রদান করা হবে।
৮।	দরপত্র দলিলের মূল্য প্রতিটির জন্য	৳ ১,০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)।
৯।	আনেষ্টিম্যানি (ফেরতযোগ্য) প্রতিটি দরপত্রে অংশগ্রহণের জন্য	“মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড”-এর অনুকূলে ৳ ৭৫,০০০.০০ (পঁচাত্তর হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
১০।	দরপত্র দলিল বিক্রয়ের স্থান ও ঠিকানা	(ক) হিসাব বিভাগঃ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর। (খ) হিসাব বিভাগ ঢাকা অফিসঃ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড ৩৬/২, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা।
১১।	দরপত্র দলিল দাখিলের স্থান ও ঠিকানা	প্রধান অফিসঃ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিঃ, মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।
১২।	দরপত্র দলিল বিক্রয়ের সময়সীমা	০৭-০৪-২০১৫ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)। উভয় দরপত্রের জন্য প্রযোজ্য।
১৩।	দরপত্র দলিল দাখিলের শেষ তারিখ ও সময়	(ক) তারিখঃ ০৮-০৪-২০১৫, সময়ঃ বেলা ১২.১৫ টা। (খ) তারিখঃ ০৮-০৪-২০১৫, সময়ঃ বেলা ১৩.০০ টা।
১৪।	দরপত্র দলিল খোলার স্থান ও ঠিকানা	প্রধান অফিসঃ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিঃ, মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।
১৫।	দরপত্র খোলার তারিখ ও সময়	(ক) তারিখঃ ০৮-০৪-২০১৫, সময়ঃ বেলা ১২.৩০ টা। (খ) তারিখঃ ০৮-০৪-২০১৫, সময়ঃ বেলা ১৩.১৫ টা।
১৬।	দরপত্রদাতার যোগ্যতা (ক) (সিএন্ডএফ এজেন্ট) (খ) পরিবহন ঠিকাদার	(ক) দরপত্রদাতার আন্তর্জাতিক বিমানবন্দর, সমুদ্রবন্দর ও স্থলবন্দর এর কাটমস কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বৈধ ও হালনাগাদ সিএন্ডএফ লাইসেন্সসহ সকল বন্দরের মাধ্যমে আমদানীকৃত মালামাল খালাস কাজে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। এছাড়া দরদাতাগনকে বিগত ০৫ (পাঁচ) বছরে চট্টগ্রাম সমুদ্রবন্দর/বেনাপোল স্থলবন্দর ও হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হইতে প্রতি বৎসর যথাক্রমে ন্যূনতম ৫,০০০ (পাঁচ হাজার) ও ১,০০০ (এক হাজার) মেট্রিক টন আমদানীকৃত মালামাল খালাসের বাস্তব অভিজ্ঞতা ও দরদাতাকে দরপত্রে উল্লিখিত অন্যান্য যোগ্যতাবলী থাকিতে হইবে। সি এন্ড এফ এজেন্টের বিস্ফোরক দ্রব্য খালাসের ক্ষেত্রে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার প্রদান করা হইবে। (খ) কোন সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহ অথবা কোন স্নামধন্য বেসরকারী প্রতিষ্ঠানের মালামাল সড়কপথে কাভার্ড ভ্যান/ট্রাইলার/ট্রাকযোগে/সন্তোষজনকভাবে পরিবহন করার কাজে দরপত্রদাতার কমপক্ষে গত ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হবে। বিস্ফোরক দ্রব্য পরিবহনে অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারকে অগ্রাধিকার দেয়া হবে।
১৭।	বিশেষ বিনির্দেশনাঃ	ক) কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণ করতে বাধ্য নহেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। খ) সিএন্ডএফ এজেন্ট এবং পরিবহন ঠিকাদার নিয়োগের জন্য পৃথক পৃথক দরপত্র ক্রয় এবং দাখিল করতে হবে। সিএন্ডএফ এজেন্ট এবং পরিবহন ঠিকাদার আলাদা আলাদা নিযুক্ত হবে। যদি কোন দরদাতা সিএন্ডএফ এবং পরিবহন কাজে সংশ্লিষ্ট থাকেন তবে তিনি উভয় দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন। গ) দি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ (সংশোধনসহ) এর প্রযোজ্য ধারাসমূহ অত্র দরপত্রে প্রতিপালিত হবে। ঘ) এই বিজ্ঞপ্তি খানি কোম্পানীর নিজস্ব ওয়েব-সাইট www.mgmcl.org.bd - তে দেখা যেতে পারে।


উপ-মহাব্যবস্থাপক (ইউজিএমএন্ডইএস/ক্রয়)